

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৩.২০২৩. ৯২৬

তারিখ: ০৬ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ বি এম জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা এর বিরুদ্ধে শিক্ষকবৃন্দের নিকট বিভিন্ন সময়ে বিভিন্ন উপায়ে অর্থ দাবী করা, রাষ্ট্রীয় প্রোগ্রাম ১৫ আগস্ট ২০২০ তারিখ এর অনুষ্ঠানে যোগদান না করা, সরকারি নির্দেশনা অমান্য করে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব নুরুল আলম, প্রধান শিক্ষক, পাথরঘাটা কে.এম.মডেল মাধ্যমিক বিদ্যালয় এর এমপিওভুক্তি না করার নির্দেশনা থাকলেও তার জালজালিয়াতিপূর্ণ কাগজপত্র, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা এর প্রতিস্বাক্ষর/অগ্রায়ন ব্যতিরেকে বিদ্যালয়ের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত কাগজপত্রসহ এমপিওভুক্তির অনলাইন আবেদন জেলা শিক্ষা অফিসার বরাবর অগ্রায়ন করা এবং করোনাকালীন সময়ে সরকারি নির্দেশনা অমান্য করে অফিসে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৭/০৫/২০২২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ১২/০৬/২০২২ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্য করে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব নুরুল আলম, প্রধান শিক্ষক, পাথরঘাটা কে.এম.মডেল মাধ্যমিক বিদ্যালয় এর এমপিওভুক্তি না করার নির্দেশনা থাকলেও তাঁর জালজালিয়াতিপূর্ণ কাগজপত্র, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা এর প্রতিস্বাক্ষর/অগ্রায়ন ব্যতিরেকে বিদ্যালয়ের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত কাগজপত্রসহ এমপিওভুক্তির অনলাইন আবেদন জেলা শিক্ষা অফিসার বরাবর অগ্রায়ন করা এবং করোনাকালীন সময়ে সরকারি নির্দেশনা অমান্য করে অফিসে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

সেহেতু, জনাব এ বি এম জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্য করে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব নুরুল আলম, প্রধান শিক্ষক, পাথরঘাটা কে.এম.মডেল মাধ্যমিক বিদ্যালয় এর এমপিওভুক্তি না করার নির্দেশনা থাকলেও তার জালজালিয়াতিপূর্ণ কাগজপত্র, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা এর প্রতিস্বাক্ষর/অগ্রায়ন ব্যতিরেকে বিদ্যালয়ের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত কাগজপত্রসহ এমপিওভুক্তির অনলাইন আবেদন জেলা শিক্ষা অফিসার বরাবর অগ্রায়ন করা এবং করোনাকালীন সময়ে সরকারি নির্দেশনা অমান্য করে অফিসে অনুপস্থিত থাকার অভিযোগ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে আগামী ০২ (দুই) বছরের জন্য “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ ৭ম গ্রেডের ২৯,০০০-৬৩৪১০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ২৯,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক “লঘুদন্ড” প্রদান করা হলো; দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ২৯,০০০-৬৩৪১০/- টাকা বেতন স্কেলের (৭ম গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন, তবে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। একই সঙ্গে তাঁর বিরুদ্ধে আনীত শিক্ষকবৃন্দের নিকট বিভিন্ন সময়ে বিভিন্ন উপায়ে অর্থ দাবী করা এবং রাষ্ট্রীয় প্রোগ্রাম ১৫ আগস্ট ২০২০ তারিখ এর অনুষ্ঠানে যোগদান না করা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় উক্ত অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৩.২০২২. ২২৮/২৬)

তারিখ: ২২ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব এ বি এম জাহিদ হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব এ বি এম জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল।


০৬/০৬/২০২৪
(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব